

নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৪৯.২০ - ২৩৭

তারিখঃ ফেব্রুয়ারি ২০২৩
ফাল্গুন ১৪২৯

প্রাপকঃ জনাব মোঃ শাহ আলম (পিএইচডি গবেষক)
পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিআইডিএ)
প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
মোবাইলঃ ০১৯৩৬৭৬১৪৭৫
ইমেইলঃ shahalam6484@gmail.com

বিষয়ঃ পিএইচডি গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান এবং চুক্তি বাতিল প্রসঙ্গে।

গবেষণার শিরোনামঃ "Effects of Stakeholder Participation on Utilization of Services, Economic Efficiency and Sustainability of Healthcare Delivery: Case study of Selected Areas in Rural Bangladesh" –
শীর্ষক পিএইচডি গবেষণা।

সূত্রঃ (১) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-৯৮৯, তারিখঃ ১৪/১১/২০১৬ খ্রিঃ
(২) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-২০৬, তারিখঃ ১২/০২/২০১৭ খ্রিঃ
(৩) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৪৯.২০.৫১৬, তারিখঃ ১৪/১০/২০২০ খ্রিঃ
(৪) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৪৯.২০.৫৯৬, তারিখঃ ২০/০৯/২০২১ খ্রিঃ
(৫) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৪৯.২০.৯৪৮, তারিখঃ ১৯/১২/২০২২ খ্রিঃ


মহোদয়,

উপর্যুক্ত বিষয় এবং সূত্রসমূহের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৫০,০০০/- (পঞ্চাশ) হাজার টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৯/০৪/২০১০ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ১২(বার) মাস বিধায় ১৮/০৪/২০১১ তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়। পরবর্তীতে আপনার আবেদনের প্রেক্ষিতে গবেষণার মেয়াদ ০১/০৪/২০১২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। উক্ত মেয়াদও বহুপূর্বে শেষ হয়ে গেছে।

০২। ইতঃপূর্বে আপনি চুক্তিনামা অনুযায়ী ১ম কিস্তি বাবদ ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা গ্রহণ করেছেন। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পর দীর্ঘ ১০ বছর অতিক্রান্ত হলেও আপনি আপনার গবেষণা কর্মের চূড়ান্ত প্রতিবেদন জমাদান ও সনদপ্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কাগজাদিসহ অবশিষ্ট কিস্তিসমূহের অর্থ গ্রহণের জন্য আবেদন করেননি বা কোন প্রকার যোগাযোগও করেননি। পরবর্তীতে পিএইচডি গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান এবং চুক্তি বাতিল বিষয়ে সর্বশেষ ১৯/১২/২০২২ তারিখে পত্র পাঠানো হয়। কিন্তু আপনি কোনো প্রকার যোগাযোগ করেননি। ফলে আপনার গবেষণা কর্মটি পরিষদে সমাপ্ত করা যাচ্ছে না। এ বিষয়ে সূত্রে উল্লিখিত পত্র মারফত আপনাকে অনুরোধ করা হয়েছিল।

০৩। যথাসময়ে প্রতিবেদন জমাদান ও সনদপ্রাপ্তি হলে অবশিষ্ট কিস্তিসমূহের অর্থ গ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজাদিসহ শীঘ্র পুনরায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় চুক্তিনামার শর্তাবলীর 'চ' উপধারা মোতাবেক গৃহীত ১ম কিস্তি বাবদ ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে কোড নং-১ ১৪০১ ০০০১ ২৬৮১ তে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর মূলকপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে আগামী ১৫(পনেরো) দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে গৃহীত অর্থ জমাদানে ব্যর্থ হলে সরকারের বিদ্যমান বিধি/আইন অনুযায়ী আপনাকে প্রদত্ত অর্থ উদ্ধারের জন্য প্রয়োজনীয় সকল প্রক্রিয়া শুরু করা হবে। উল্লেখ্য গত ১৯/১২/২০২২ তারিখে প্রদত্ত অর্থ উদ্ধারের জন্য সর্বশেষ তাগিদপত্র দেয়া হয়েছিল।

০৪। এমতাবস্থায়, জনস্বার্থে বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে জরুরিভিত্তিতে গৃহীত অর্থ ফেরৎ প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো। গৃহীত অর্থ জমাদানে ব্যর্থ হলে সরকারের বিদ্যমান বিধি/আইন অনুযায়ী আপনাকে প্রদত্ত অর্থ উদ্ধারের জন্য প্রয়োজনীয় সকল প্রক্রিয়া শুরু করা হবে।


আপনার বিশ্বস্ত

২০/০২/২০২৩
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.১৪৯.২০

তারিখঃ ফেব্রুয়ারি ২০২৩
ফাল্গুন ১৪২৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (এসএসআরসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। গবেষণা অনুসন্ধানী, এসএসআরসি, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(এসএসআরসির Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। জামানতকারী জনাব শাহ আলম চৌধুরী, পিতা: মৃত নজির আহম্মদ, গ্রামঃ পাঁচঘরিয়া, উপজেলাঃ চাটখিল, জেলাঃ নোয়াখালী।


২০/০২/২০২৩
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা